# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ▶ মীনা একটি বেসরকারি কারখানায় চাকরি করে। তিনি লক্ষ করলেন যে, নারী ও পুরুষের কর্ম পরিবেশ ভিন্ন। পারিবারিকভাবে ও দেখা যায় বয়স বাড়ার সাথে সাথে একজন নারীর উপর বিভিন্ন বিধি নিষেধ আরোপ করা হয়। যা পরিবারের পুরুষ সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। মীনা যে বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করছে তা নিয়ে রয়েছে পরিবারের পক্ষ থেকে প্রবল আপত্তি।

ক. সামাজিক স্তর বিন্যাস কত প্রকার? ১

খ. দাস প্রথা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে নারীদের ক্ষেত্রে সামাজিক অসমতার কোন উপাদানটি কার্যকর? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত সামাজিক অসমতার উপাদানটি কী সামাজিক অগ্রগতির অন্তরায় মতামত দাও। ৪

২. ▶ হাজার বছরের পুরানো একটি জনপদ যেখানে শিক্ষার আলো পৌঁছায়নি। নেই কোন কর্মসংস্থানের সুযোগ। ধর্মীয় দৃষ্টিকোণ থেকে রয়েছে ভিন্নতা। ক্রমাগত জনসংখ্যা বৃদ্ধির কারণে এই জনপদটিতে সম্পদের স্বল্পতা দেখা দেয়। শুরু হয় নিজেদের মধ্যে হানাহানি। ভিন্ন ধর্মের, জনপদের লোক আবার তাদের উপর আক্রমণ ও করে। এ সব সমস্যা মোকাবেলা করার জন্য জনপদবাসী সংঘটিত হয়ে সামাজিক নিয়ম তৈরি করে কিছু লোকের হাতে তাদের নিয়ন্ত্রণ ভার তুলে দেয়।

ক. ক্ষমতা কী? ১

খ. সম্পত্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের উল্লেখিত জনগোষ্ঠীর উদ্যোগে রাষ্ট্রের উৎপত্তি কোন মতবাদের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. সামাজিক নিয়ম তৈরির পূর্বে উক্ত জনপদটি কী রাষ্ট্র ছিলো? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৩.▶ বিধান চাকমা তার বান্ধবী শুভ্রার নানা বাড়ি ময়মনসিংহে বেড়াতে গেল। সেখানে সে লক্ষ্য করল সব ব্যাপারে শুভ্রার মায়ের মতামতকে বেশি প্রাধান্য দেয়া হয়। এতে বিধান চাকমা অবাক হলো বেড়াতে এসে বিধান চাকমা শুভ্রাদের ধর্মীয় আচার আচরণ জীবন জীবিকা ইত্যাদি বিষয়গুলি খুব কাছ থেকে দেখার সুযোগ পেল।

ক. মারমা শব্দটির উৎপত্তি কোথা থেকে হয়েছে? ১

খ. মনিপুরীদের পোশাক পরিচ্ছেদ সম্পর্কে ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বিধান চাকমার অবাক হওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদ্বয়ের অর্থনৈতিক অবস্থার তুলনামূলক ব্যাখ্যা করো। ৪

৪.▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| জীবন ব্যবস্থা | বৈশিষ্ট্য |
|---|---|
| পরিবার | পিতৃসূত্রীয় |
| অর্থনীতি | কৃষিভিত্তিক |
| ধর্ম | বৌদ্ধ ধর্মাবলম্বী |
| সাংস্কৃতিক জীবন বুদ্ধ পূর্ণিমা হচ্ছে প্রধান ধর্মীয় উৎসব সাংগ্রে হলো প্রধান সামাজিক উৎসব। | |

ক. আদাম কাকে বলে? ১

খ. জুমচাষ বলতে কী বোঝায়? ২

গ. ছকে উল্লেখিত বৈশিষ্ট্যগুলো বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে নির্দেশ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ছকে উল্লেখিত নৃ-গোষ্ঠীর সাথে মারমা জাতিসত্তার সামাজিক ও সাংস্কৃতিক জীবনের তুলনামূলক আলোচনা কর। ৪

৫.▶ ১৯৫২ → ১৯৫৪ → ১৯৬৬ → ১৯৬৯ → ১৯৭১

ক. ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি পায় কখন? ১

খ. ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের মূল বক্তব্য উল্লেখ করো? ২

গ. উদ্দীপকের সালের ধারাক্রম বাংলাদেশের কিসের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কোন সালের ঘটনাটি বাঙালির মুক্তির সনদ নামে পরিচিত বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৬. ▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| বিভিন্ন ব্যয়ের খাত | পূর্ব পাকিস্তান | পশ্চিম পাকিস্তান |
|---|---|---|
| রাজস্ব খাতে ব্যয় | ২৫% | ৭৫% |
| বৈদেশিক সাহায্যের ব্যয় | ৪% | ৯৬% |
| বিনিয়োগ সংস্থা ও শিল্পঋণ | ২০% | ৮০% |

ক. পাকিস্তানী শাসনামলে বাঙালিদের জাতীয় মুক্তির প্রথম আন্দোলন কোনটি? ১
খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ছকটি পূর্ব ও পশ্চিম পাকিস্তানীদের মধ্যে কোন বৈষম্যকে উপস্থাপন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের উল্লেখিত বৈষম্য ছাড়া পূর্ব পাকিস্তান আর কী কী বৈষম্যের শিকার হয়ে ছিলো বিশ্লেষণ করো। ৪

৭. ▶ আয়েশা খানম একটি বেসরকারি পোশাক কারখানায় কাজ করে। কর্মক্ষেত্র থেকে বাসায় ফেরার পথে প্রায়ই বখাটেরা তাকে উদ্দেশ্য করে অশ্লীল মন্তব্য করে। কখনও কখনও তার পিছু নেয়। আয়েশা এর প্রতিবাদ করলে বখাটেরা তাকে তুলে নিয়ে যাওয়ার হুমকি দেয়।

ক. নিরক্ষরতা কী? ১
খ. পানি দূষণের কারণ উল্লেখ করো। ২
গ. উদ্দীপকে কোন ধরনের সামাজিক সমস্যার পরিচয় ফুটে উঠেছে— তার কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উল্লেখিত সমস্যাটি প্রতিরোধ করতে কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে করো। মতামত দাও। ৪

৮. ▶ গত বছরের জুলাই মাসে রাজধানীর একটি হোটেলে বিপথগামী কিছু যুবক হামলা চালিয়ে বেশ কিছু দেশী বিদেশী নাগরিককে হত্যা করে। বিশ্লেষকের মতে, হামলাকারীর উদ্দেশ্য হলো সমাজের প্রচলিত নিয়ম নীতি আদর্শের স্থলে নিজেদের ভিন্ন মত ও আদর্শ প্রতিষ্ঠা করে যার কোন রাষ্ট্রীয় অনুমোদন নেই।

ক. মনকালাজ্বর কী? ১
খ. বেকারত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ঘটনাটি তোমার পাঠ্যবইয়ে বর্ণিত কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? বর্ণনা করো। ৩
ঘ. উক্ত সামাজিক সমস্যাটির প্রভাব বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯. ▶ রসুলপুর গ্রামের রবিন তালুকদার প্রচুর জমি ও অর্থ সম্পদের মালিক। বিত্তশালী হওয়ায় গ্রামের সকল মানুষ তাকে সম্মান করত এবং তার যথেষ্ট প্রভাব ছিল। কিন্তু গত ইউনিয়ন পরিষদ নির্বাচনে উচ্চ শিক্ষিত বেলাল সাহেব চেয়ারম্যান নির্বাচিত হন। এখন রবিন তালুকদার আর আগের মত প্রভাব খাটাতে পারছে না।

ক. গ্রাম সমাজে সাধারণত কত ধরনের কৃষক দেখা যায়? ১

খ. শিক্ষার ভিত্তিতে গ্রাম সমাজে স্তরবিন্যাসের কাঠামো উল্লেখ করো। ২

গ. উদ্দীপকে গ্রামীন ক্ষমতা কাঠামোতে কোন ধরনের পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. গ্রামীণ ক্ষমতা কাঠামোতে উক্ত পরিবর্তনের কারণ বিশ্লেষণ করো। ৪

১০. ▶ রুমি তার বাবা-মায়ের একমাত্র কন্যা সন্তান। ছোটবেলা থেকে সে খুব আদর যত্নে বড় হয়েছে। সে এখন মেডিকেল কলেজে পড়ে। পড়ালেখার যাবতীয় খরচ সে তার বাবা-মায়ের কাছ থেকে নেয়। তার বাবা-মা তাকে সাধ্যমত টাকা-পয়সাসহ সকল ব্যাপারে সহায়তা করে।

ক. বাংলাদেশের সমাজে কত ধরনের জ্ঞাতি সম্পর্ক লক্ষ্য করা যায়? ১

খ. অন্তর্বিবাহ ও বহির্বিবাহ কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন সার্বজনীন সামাজিক প্রতিষ্ঠানটির ইঙ্গিত বহন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের সমাজ জীবনে উক্ত প্রতিষ্ঠানের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

১১. ▶

→ A) দাস
→ B) এস্টেট
→ C) জাতিবর্ণ
→ D) শ্রেণি ও মর্যাদা গোষ্ঠী

ক. স্তর বিন্যাস কাকে বলে? ১

খ. বয়স বৈষম্যবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে '?' প্রশ্ন চিহ্নিত স্থানে কী বসবে? এর ভিত্তিতে 'B' চিহ্নিত প্রকরণটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'C' ও 'D' চিহ্নিত প্রকরণের মধ্যে পার্থক্য বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ৮

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. পৃথিবীর প্রাচীনতম শ্রেণিভিত্তিক সমাজব্যবস্থা কোনটি?
ক) দাস ব্যবস্থা  খ) সামন্ত ব্যবস্থা
গ) জাতিবর্ণ প্রথা  ঘ) কৃষি ব্যবস্থা

২. সমাজের ক্রমোচ্চ অসমতাকে কী বলে?
ক) সামাজিক মূল্যবোধ
খ) সামাজিক সমস্যা
গ) সামাজিক স্তরবিন্যাস
ঘ) সামাজিক গতিশীলতা

৩. এস্টেট প্রথা বলতে বোঝায়—
i. ভূ-সম্পত্তি
ii. সামাজিক শ্রেণি
iii. অধিকার বা কর্তব্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৪. সম্পত্তি বলতে বোঝায়—
ক) বস্তু সামগ্রীর উপর ব্যক্তি বা গোষ্ঠীর একচ্ছত্র আধিপত্য ও নিয়ন্ত্রণের অধিকার
খ) বস্তু গচ্ছিত রাখার অধিকার
গ) বস্তু ব্যবহারের অধিকার
ঘ) বস্তু অস্থায়ীভাবে ভোগের অধিকার

৫. জন লক রাষ্ট্রের উৎপত্তিতে কোন মতবাদ সমর্থন করেন?
ক) ঐশ্বরিক মতবাদ  খ) বলপ্রয়োগ মতবাদ
গ) সামাজিক চুক্তি মতবাদ
ঘ) বিবর্তনমূলক মতবাদ

৬. ইসলামী অর্থ ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত হলো—
i. ইসলামী শরীয়াহ মোতাবেক পরিচালিত অর্থব্যবস্থা
ii. কার্যপদ্ধতিতে ইসলামী নীতি অবলম্বন করা হয়
iii. সম্পদের মালিকানা রাষ্ট্রের নিয়ন্ত্রণে থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৭. চাকমাদের খাজনা আদায়ের দায়িত্ব কার উপর অর্পিত?
ক) চাকমা রাজা  খ) হেডম্যান
গ) ডেপুটি কমিশনার ঘ) কারবারি

নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠানের দিন দু'জন বন্ধুর সাথে পরিচয় হয় সাকিবের। যাদের গায়ের রং বাদামী, চুলের গড়ন সোজা ও খাড়া।

৮. উদ্দীপকে নতুন বন্ধুরা কোন নৃ-গোষ্ঠীর সদস্য?
ক) মঙ্গোলয়েড  খ) ককেশীয়
গ) নিগ্রো  ঘ) অস্ট্রালয়েড

৯. উদ্দীপকে উল্লিখিত দৈহিক বৈশিষ্ট্য কোন নৃ-গোষ্ঠীর মধ্যে দেখা যায়?
i. সাঁওতাল
ii. মণিপুরি
iii. গারো
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১০. বাঙালির একটি সাংস্কৃতিক উৎসব নববর্ষ। এ সময়ে একটি নৃ-গোষ্ঠী তিনদিন ধরে বর্ষবরণ অনুষ্ঠান পালন করে। উদ্দীপকে কোন নৃ-গোষ্ঠীর কথা বলা হয়েছে—
ক) গারো  খ) কোচ
গ) চাকমা  ঘ) রাখাইন

১১. কীসের তারতম্যের কারণে নগর সমাজে নানা পেশাজীবী শ্রেণীর অস্তিত্ব দেখা যায়?
ক) সম্পত্তির  খ) ক্ষমতার
গ) বাসস্থানের  ঘ) শিক্ষার

১২. যেসব কৃষক নিজ জমিতে চাষাবাদ করে কোন রকম নিজেদের ভরণ-পোষণ করে তাদেরকে কী বলে?
ক) প্রান্তিক কৃষক  খ) ধনী কৃষক
গ) বর্গাচাষী  ঘ) কৃষি শ্রমিক

১৩. শিমুল চট্টগ্রামের পাহাড়তলীতে বাস করে। এখানের মানুষ অকৃষিজ পেশায় নিয়োজিত। বাংলাদেশের শহর সমাজের লক্ষণীয় বৈশিষ্ট্য কোনগুলো :
i. সীমিত এলাকায় ঘনবসতি
ii. জাঁকজমকপূর্ণ আবাসস্থল
iii. বহুমুখী পেশায় নিয়োজিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৪. নিচের কোনটিকে বাংলাদেশের এলিট শাসক বলা যায়?
ক) এলিট শাসক
খ) এলিট অশাসক
গ) রাজনৈতিক দল
ঘ) সাধারণ চাপ সৃষ্টিকারী গোষ্ঠী

১৫. গ্রামীণ সমাজে সামাজিক স্তরবিন্যাসের মূল ভিত্তি কী?
ক) শিক্ষা  খ) ধর্মীয় জ্ঞান
গ) ব্যবসা  ঘ) ভূমি

Teachingbd24.com

১৬. বাংলাদেশে বায়ু দূষণের প্রধান কারণ কোনটি?
ক) ইটভাটার ধোঁয়া
খ) অতিরিক্ত ও পুরাতন যানবাহনের কালো ধোঁয়া
গ) অধিক সংখ্যক কল-কারখানা
ঘ) অধিক যানবাহন

১৭. শব্দ দূষণ রোধে আমাদের করণীয় কী?
ক) কঠোর আইন প্রণয়ন
খ) যানবাহনের হর্ণের শব্দ কমানোর ব্যবস্থা গ্রহণ
গ) শব্দ দূষণরোধে সচেতন বৃদ্ধি
ঘ) মাইকে উচ্চ শব্দ না করার ব্যবস্থা গ্রহণ

১৮. সুমন এমন একটি সংগঠনের সাথে জড়িত যা সমাজ সংস্কারের সমর্থনে আক্রমণাত্মক উপায় অবলম্বন করে এবং এ সংগঠনের কোন রাষ্ট্রীয় সমর্থন নাই। সুমন এর সংগঠনকে কোন ধরনের সংগঠন বলে আখ্যায়িত করা যায়?
ক) সন্ত্রাসী সংগঠন
খ) আক্রমণাত্মক সংগঠন
গ) সংসদের বিরোধী দলীয় সংগঠন
ঘ) জঙ্গি সংগঠন

১৯. বাংলাদেশে নারীদের উন্নয়নের জন্য কোনটি করতে হবে?
ক) নারীর ক্ষমতায়ন
খ) নারীর বেতনভাতা বৃদ্ধি
গ) নারীর সুযোগ সুবিধাবৃদ্ধি
ঘ) নারীর প্রতি সহযোগিতা

২০. মাদকাসক্তির প্রভাবে—
i. পারিবারিক সুখ শান্তি বিপন্ন হয়
ii. স্বাস্থ্যখাতে ব্যয় বৃদ্ধি পায়
iii. অর্থনীতি শক্তিশালী হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. মৌসুমী বেকারত্ব বলতে বোঝায়—
ক) বন্যার কারণে বেকারত্ব
খ) আকস্মিক দুর্ঘটনার কারণে বেকারত্ব
গ) ঋতু পরিবর্তনের ফলে বেকারত্ব
ঘ) দেশ স্থানান্তরের ফলে বেকারত্ব

২২. The History of Human Marriage গ্রন্থটির লেখক—
ক) ওয়েস্টার মার্ক খ) রবিনফক্স
গ) ম্যাক্সওয়েবার ঘ) এম এইচ দগীন

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও




২৩. উদ্দীপকে ? প্রশ্ন চিহ্নিত স্থানে নীচের কোনটি বসবে?
ক) বিবাহ খ) পরিবার
গ) সমিতি ঘ) জ্ঞাতি সম্পর্ক

২৪. উদ্দীপকের বিষয়সমূহ—
i. কৃত্রিমভাবে অনাত্মীয়দের সংগে আত্মীয়তার সম্পর্ক গড়ে তুলতে পারে
ii. সামাজিক ও সাংস্কৃতিভাবে নির্ধারিত জ্ঞাতিসম্পর্ক গড়ে তুলতে পারে
iii. রক্ত সম্পর্কীয় জ্ঞাতি গড়ে তুলতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. শ্রেণি বলতে কী বোঝায়?
ক) একই অর্থনৈতিক বৈশিষ্ট্য সম্পন্ন জনগোষ্ঠী
খ) একই বংশোদ্ভূত জনগোষ্ঠী
গ) একই সম্পত্তির অধিকারী জনগোষ্ঠী
ঘ) নির্দিষ্ট অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠী

২৬. সামাজিক অসমতার উপকরণ হলো—
i. আকার-আকৃতি
ii. পদমর্যাদা iii. সুযোগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. ভাষা আন্দোলনের মাধ্যমে যে বাঙালি জাতীয়তাবাদের উন্মেষ ঘটে তা কোনটির মাধ্যমে পূর্ণতা পায়?
ক) যুক্তফ্রন্ট নির্বাচন খ) ৬ দফা কর্মসূচি
গ) ৭০ এর নির্বাচন ঘ) গণঅভ্যুত্থান

২৮. পাকিস্তানিরা পূর্ব বাংলার সংস্কৃতির উপর আঘাত হেনেছিল কেন?
ক) বাঙালি সংস্কৃতিকে ধ্বংস করতে
খ) উর্দু ভাষাকে প্রাধান্য দিতে
গ) বাঙালিকে দমিয়ে রাখতে
ঘ) বিশ্ব জনমতের চাপে পড়ে

২৯. মণিপুরী জনগোষ্ঠীর বেশিরভাগই বসবাস করে—
ক) বৃহত্তর ঢাকা জেলায়
খ) বৃহত্তর কুমিল্লা জেলায়
গ) বৃহত্তর সিলেট জেলায়
ঘ) বৃহত্তর চট্টগ্রাম জেলায়

৩০. পূর্ব বাংলার জনগণ ভাষা আন্দোলনে যোগ দেয় কোন ঐক্যের প্রভাবে?
ক) রাজনৈতিক ঐক্য
খ) সামাজিক ঐক্য
গ) ভাষাগত ঐক্য
ঘ) সাংস্কৃতিক ঐক্য

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com